সেট: খ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

প্রাক-নির্বাচনি পরীক্ষা – ২০১৮

শ্রেণি: দশম

বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (বহুনির্বাচনি) বিষয় কোড: | ১ | ৫ | ৩ |

সময়: ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য:- সরবরাহকৃত বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১। বাংলা চুক্তি কী নামে খ্যাত?
ক) সি আর দাস ফর্মুলা
খ) মহাত্মা গান্ধী ফর্মুলা
গ) সোহরাওয়ার্দী ফর্মুলা
ঘ) মতিলাল নেহেরু ফর্মুলা

২। কে সর্বপ্রথম গুলি ছুড়ে সিপাহি বিদ্রোহের সূচনা করেন?
ক) অনুপ পান্ডে খ) মঙ্গাল পান্ডে
গ) বাহাদুর শাহ ঘ) প্রফুল্ল চাকি

৩। ভারতীয় মুসলমানগণ খিলাফত আন্দোলন করেন-
i) খিলাফত মর্যাদা রক্ষা করতে
ii) ব্রিটিশ শাসনের বিরোধিতা করতে
iii) তুরস্কের অখন্ডতা রক্ষা করতে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪। ছয় দফা আন্দোলনকে বাঙালির মুক্তির সনদ বলা হয় কারণ-
ক) এটির মাধ্যমে বাঙালির জাতীয় চিন্তার সন্নিবেশ ঘটেছিল
খ) এটির মধ্যে পাকিস্তানিদের মৃত্যুর পরোয়ানা ছিল
গ) এটির মাধ্যমে বাঙালির আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটে
ঘ) এটি ছিল পাকিস্তানের বিরুদ্ধে একটি বড় আন্দোলন

উদ্দীপকটি পড় এবং ৫নং প্রশ্নের উত্তর দাও:

জিনিয়া অসাধারণ মেধাবী ছাত্রী ছিলেন। তিনি ইন্টারমিডিয়েট পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেন। পরবর্তীতে তিনি বিপ্লবী কর্মকান্ডের সঙ্গে জড়িয়ে পড়েন। তার নেতৃত্বে একটি বিদেশি ক্লাবে আক্রমণ করেন।

৫। উদ্দীপকে জিনিয়ার সাথে ইতিহাসের কোন বিপ্লবী নারীর সাদৃশ্য আছে?
ক) তারামন বিবি খ) কল্পনা দত্ত
গ) সেতারা বেগম ঘ) প্রীতিলতা ওয়াদ্দেদার

৬। প্রভাতফেরি কথাটির সাথে সাদৃশ্য রয়েছে-
ক) ২১ শে ফেব্রুয়ারির খ) ২৬ শে মার্চের
গ) ১৪ ই ডিসেম্বরের ঘ) ১৬ ই ডিসেম্বরের

৭। ধীরে ধীরে মুসলিম লীগ জনবিচ্ছিন্ন হতে থাকে কেন?
ক) পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসনের জন্য
খ) সাংবিধানিক হওয়ায়
গ) অগণতান্ত্রিক হওয়ায়
ঘ) ছয় দফা আন্দোলনের কারণ

উদ্দীপকটি পড় এবং ৮নং প্রশ্নের উত্তর দাও:

এই বছর মালয়েশিয়ার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে শাসকদলসহ অন্যান্য রাজনৈতিক দল অংশগ্রহণ করে। শাসক দলের দুর্নীতি শোষণ ও নির্যাতনের কারণে জনগণ শাসক দলকে প্রত্যাখ্যান করে। বিরোধী দলগুলির মধ্যে একটি দল ব্যাপক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে।

৮। উদ্দীপকে মালয়েশিয়ার সাধারণ নির্বাচনের সাথে ইতিহাসের কোন নির্বাচনের মিল রয়েছে?
ক) ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচন
খ) ১৯৭০ সালের সাধারণ নির্বাচন
গ) ১৯৭৩ সালের সাধারণ নির্বাচন
ঘ) ১৯৭৯ সালের সাধারণ নির্বাচন

৯। পূর্ব পাকিস্তানের জনগণ অর্থনৈতিক ক্ষেত্রে ভয়াবহ বৈষম্যের শিকার হয়েছিল কেন?
ক) পূর্ব পাকিস্তানের বাজেটের অর্ধভাগ বহন
খ) আঞ্চলিক সরকারের হাতে মুদ্রা ব্যবস্থার নিয়ন্ত্রণ
গ) উদ্বৃত্ত আর্থিক সঞ্চয় ছিল পশ্চিম পাকিস্তানের নিয়ন্ত্রণে
ঘ) পূর্ব পাকিস্তানে পর্যাপ্ত মূলধনের যোগান

১০। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলের কত নম্বর কক্ষে পতাকা তৈরির কাজ শুরু হয়?
ক) ১১২ খ) ১১৮
গ) ২০৫ ঘ) ৩১২

১১। পাকবাহিনী কেন বুদ্ধিজীবীদের হত্যা করেন?
ক) বাংলাকে মেধাশূন্য করার জন্য
খ) বাংলার বুদ্ধিজীবীদের সাথে পূর্ব শত্রুতার জন্য
গ) রাজনৈতিক প্রতিহিংসার জন্য
ঘ) মুক্তিবাহিনীকে সহযোগিতার জন্য

১২। আগরতলা ষড়যন্ত্র মামলায় কত জন অভিযুক্ত হয় ?
ক) ১১ জন খ) ২০ জন
গ) ৩৪ জন ঘ) ৩৫ জন

১৩ । 'অপরাজেয় বাংলা' নির্মাণের যথার্থ কারণ হলো-
ক) ছাত্রদের গৌরবময় ত্যাগকে স্মরণীয় করা
খ) বুদ্ধিজীবীদের গৌরবময় ত্যাগকে স্মরণীয় করা
গ) কৃষকদের গৌরবময় ত্যাগকে স্মরণীয় করা
ঘ) রাজনৈতিক নেতাদের স্মরণীয় করা

১৪। কত তারিখে মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে?
ক) ১০ এপ্রিল, ১৯৭১ খ) ১৫ এপ্রিল, ১৯৭১
গ) ১৭ এপ্রিল, ১৯৭১ ঘ) ১৯ এপ্রিল, ১৯৭১

১৫। বঙ্গবন্ধুর শাসনামলে বাংলাদেশ বিশ্বের মোট কতটি আন্তর্জাতিক রাষ্ট্রের স্বীকৃতি অর্জন করে?
ক) ১০০ খ) ১১০
গ) ১২০ ঘ) ১৩০

১৬। ড: কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন গঠন করা হয় কখন?
ক) ২৬ জুলাই , ১৯৭২ খ) ২৭ জুলাই, ১৯৭২
গ) ২৮ জুলাই, ১৯৭২ ঘ) ২৯ জুলাই, ১৯৭২

১৭। খালেদ মোশাররফ মুক্তিযুদ্ধের সময় কোন ফোর্সে প্রধান ছিলেন?
ক) কে ফোর্স খ) জেড ফোর্স
গ) এস ফোর্স ঘ) এম ফোর্স

১৮। এরশাদ সোভিয়েত কূটনীতিককে বহিষ্কার করেন কেন?
ক) অযোগ্য ছিলেন বলে
খ) মার্কিন সরকারকে খুশি করতে
গ) ইসলামপন্থী ছিলেন বলে
ঘ) ভারতকে সন্তুষ্ট করতে

১৯। স্বাধীনতা পরবর্তী বাংলাদেশকে বলা হতো –
ক) প্রথম বিশ্বের দেশ খ) দ্বিতীয় বিশ্বের দেশ
গ) তৃতীয় বিশ্বের দেশ ঘ) চতুর্থ বিশ্বের দেশ

২০। কেন জেনারেল এরশাদ মহকুমাকে জেলায় উন্নীত করেন?
ক) বিচারকার্যের সুবিধার জন্য
খ) বিচারকার্য দ্রুত শেষ করার উদ্দেশ্যে
গ) প্রশাসনকে বিকেন্দ্রীকরণের জন্য
ঘ) সবার জন্য দ্রুত বিচার নিশ্চিত করতে

২১। ট্রাইব্যুনালে তাহেরকে কী শাস্তি দেওয়া হয়?
ক) ৫ বছরের কারাদণ্ড
খ) ১০ বছরের কারাদণ্ড
গ) যাবজ্জীবন
ঘ) মত্যুদণ্ডাদেশ

উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গ্রেফতার হওয়ার পর মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য গঠিত সরকার ব্যবস্থায় জাতির পিতার একজন ঘনিষ্ঠ ও বিশ্বস্ত সহচর ছিলেন। যিনি জাতির জনকের অনুপস্থিতিতে মুক্তিযুদ্ধ পরিচালনায় সফলভাবে নেতৃত্ব প্রদানকারী আমাদের একজন মহান নেতা।

২২। উদ্দীপকে উল্লিখিত মহান নেতা হল-
ক) তাজউদ্দীন আহমদ
খ) সৈয়দ নজরুল ইসলাম
গ) ক্যাপ্টেন এম. মনসুর আলী
ঘ) এ. এইচ. এম. কামারুজ্জামান

২৩। উক্ত মহান নেতা ছিলেন-
i) মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী
ii) মুক্তিযুদ্ধকালীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক
iii) মুক্তিযুদ্ধ পরিচালনায় গঠিত উপদেষ্টা কমিটির আহবায়ক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪। বুদ্ধিজীবী স্মৃতিসৌধের স্থপতি কে?
ক) তানভীর করিম খ) মঈনুল হোসেন
গ) আবদুল্লাহ খালিদ ঘ) মোস্তফা আলী কুদ্দুস

২৫। বাংলাদেশকে ১১ টি সেক্টরে ভাগ করা হয় কত তারিখে?
ক) ১৯৭১ সালের ১৭ ই এপ্রিল
খ) ১৯৭১ সালের ১১ ই এপ্রিল
গ) ১৯৭১ সালের ১০ ই এপ্রিল
ঘ) ১৯৭১ সালের ২৬ শে মার্চ

উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:

নীলা সৌখিন মেয়ে। সে এবার ঈদের পোশাক-পরিচ্ছদ ও প্রসাধনীতে দেশের পণ্য ব্যবহারের প্রাধান্য দেয়। সে অন্যদেরকেও দেশীয় পণ্য ব্যবহারে উৎসাহিত করে।

২৬। নীলার দেশীয় পণ্য ব্যবহারের আগ্রহ আমাদের কোন আন্দোলনের কথা মনে করে দেয়?
ক) অসহযোগ আন্দোলনের কথা
খ) খিলাফত আন্দোলনের কথা
গ) স্বদেশী আন্দোলনের কথা
ঘ) ভারত ছাড় আন্দোলনের কথা

২৭। নীলার দেশীয় পণ্য ব্যবহারের ফলে-
i) বিদেশি পণ্য আমদানি হ্রাস পায়
ii) দেশীয় পণ্য রপ্তানি বৃদ্ধি
iii) দেশীয় শিল্পের প্রসার ঘটে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮। বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির আহবায়ক ছিলেন-
ক) শাহ আবদুল হামিদ খ) মোহাম্মদ উল্লাহ
গ) সুরঞ্জিত সেনগুপ্ত ঘ) ড. কামাল হোসেন

২৯। আমাদের পাতাকায় সবুজ রং কীসের প্রতীক?
ক) সবুজ প্রকৃতির খ) শান্তির
গ) শহিদের রক্তের ঘ) যুদ্ধের

উদ্দীপকটি পড় এবং ৩০নং প্রশ্নের উত্তর দাও:

জামান সাহেব খুলনায় বাস করে । তার স্ত্রী, পুত্র জামিলকে ইংলিশ মিডিয়াম স্কুলে ভর্তি করতে ইচ্ছুক। কিন্তু জামান সাহেব তার পুত্রকে বাংলা মিডিয়াম স্কুলে ভর্তি করে।

৩০। কোন আন্দোলনে অনুপ্রাণিত হয়ে জামান সাহেব তার ছেলেকে বাংলা মিডিয়াম স্কুলে ভর্তি করে ?
ক) ভাষা আন্দোলন খ) মুক্তিযুদ্ধ
গ) গণঅভ্যুত্থান ঘ) ছয় দফা আন্দোলন

সেট : খ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

প্রাক-নির্বাচনি পরীক্ষা – ২০১৮

শ্রেণি: দশম

বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (সৃজনশীল) বিষয় কোড: | ১ | ৫ | ৩ |

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য: ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দিতে হবে। যেকোন **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। দৃশ্য-১: নোয়াপাড়া ইউনিয়নটি জনবহুল ও ৩০ টি গ্রাম নিয়ে গঠিত। একমাত্র চেয়ারম্যানের পক্ষে প্রশাসনিক ও জনকল্যাণ মূলক কাজ করা সম্ভব না হওয়ায় কর্তৃপক্ষ এটিকে দু'টি অংশে ভাগ করার সিদ্ধান্ত নেয়।
দৃশ্য-২: 'ক' দেশের একটি আইন পাস হয়। এই আইনে পুলিশ যে কোন ব্যক্তিকে পরোয়ানা ছাড়াই গ্রেফতার করতে পারে। তাই এই আইনের বিরুদ্ধে সর্বস্তরের মানুষ শান্তিপূর্ণ আন্দোলনের ডাক দেন।
ক) ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম বলতে কি বুঝ ? ১
খ) খিলাফত আন্দোলন কেন হয়েছিল ? ২
গ) দৃশ্য-১: এ নোয়াপাড়া ইউনিয়ন বিভক্ত হওয়া পাঠ্যবইয়ের কোন ঘটনার প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩
ঘ) দৃশ্য-২: এ শান্তিপূর্ণ আন্দোলন যেন অসহযোগ আন্দোলনের প্রতিচ্ছবি –বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২। জাহিন যে দেশের নাগরিক সে দেশে প্রধানত দু'টি সম্প্রদায়ের লোক বাস করে। শাসক শ্রেণির চক্রান্তের কারণে পরস্পরকে শত্রু ভাবতে শুরু করে। উভয় সম্প্রদায়ের নেতাদের উদার প্রচেষ্টার ফলে একটি চুক্তি স্বাক্ষর হয় । ফলে উভয় সম্প্রদায়ের মধ্যে ঐক্যের পথ প্রশস্ত হয় ।কিন্তু কিছু দিন পর উক্ত চুক্তি অকার্যকর হলে একটি সম্প্রদায়ের নেতারা তাদের পৃথক আবাসভূমির জন্য একটি প্রস্তাব পেশ করেন, শেষ পর্যন্ত সম্প্রদায়ের ভিত্তিতে দু'টি রাষ্ট্রের জন্ম হয় ।
ক INA এর পূর্ণরূপ কি ? ১
খ) সশস্ত্র বিপ্লবী আন্দোলনে মাস্টারদা সূর্যসেনের ভূমিকা লেখ । ২
গ) উদ্দীপকে স্বাক্ষরিত চুক্তি ইতিহাসের কোন চুক্তির কথা স্মরণ করিয়ে দেয় ব্যাখ্যা কর । ৩
ঘ) তুমি কি মনে কর উদ্দীপকের এ ধরনের প্রস্তাবের ফলে ভারত ও পাকিস্তান নামক দু'টি রাষ্ট্রের জন্ম হয়েছিল উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৩। শান্তি একটি দেশের পূর্বাঞ্চলে বাস করে। দেশটির রাজধানী পশ্চিমাঞ্চলে অবস্থিত। শান্তির অঞ্চলের সকল আয় পশ্চিমাঞ্চলে চলে যায়। দেশটির কেন্দ্রীয় ব্যাংকসহ বিমা, বাণিজ্যিক প্রতিষ্ঠানের সদর দপ্তর ছিল পশ্চিমাঞ্চলে। ফলে শান্তির অঞ্চলে কখনও বড় কোনো শিল্প কারখানা গড়ে ওঠেনি।
ক) সরকারি নথিতে আগরতলা ষড়যন্ত্র মামলার নাম কি ছিল ? ১
খ) ছয় দফাকে বাঙালিদের মুক্তির সনদ বলা হয় কেন? ২
গ) শান্তির অঞ্চলে পাকিস্তানি শাসনামলের যে বৈষম্যের প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে তার ব্যাখ্যা দাও। ৩
ঘ) তুমি কি মনে কর শান্তির অঞ্চলের উক্ত বৈষম্যই স্বাধিকার আন্দোলনের একমাত্র কারণ ? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও । ৪

৪। চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নের উত্তর দাও :

ক) ২১ দফার প্রথম দফা কি ছিল? ১
খ) যুক্তফ্রন্ট কেন গঠিত হয়েছিল? ২
গ) উদ্দীপকের চিত্রটি যে আন্দোলনের কথা মনে করিয়ে দেয় তার বর্ণনা কর । ৩
ঘ) উক্ত আন্দোলনেই 'বাঙালি জাতীয়তাবাদের বীজ বপিত হয়' - বক্তব্যটি বিশ্লেষণ কর । ৪

৫। আরিশা টেলিভিশনে যুদ্ধের উপর একটি নাটক দেখেছিল। নাটকের কাহিনীতে দেখা যায় একটি দেশের যুদ্ধের সময় স্কুল- কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা, কৃষক ও নারীরা যুদ্ধে সরাসরি অংশগ্রহণ করে তাদের দেশকে স্বাধীন করে।
ক) 'যৌথ কমান্ড' কি ভাবে গঠিত ? ১
খ) হানাদার বাহিনী কোন নীতি অনুসারে বাংলাদেশের সবকিছু ধ্বংস করতে চেয়েছিল? বর্ণনা কর। ২
গ) আরিশার দেখা নাটকের ঘটনাগুলো আমাদের স্বাধীনতা যুদ্ধের ক্ষেত্রে কতটুকু সত্য? ব্যাখ্যা কর। ৩
ঘ) তুমি কি মনে কর আমাদের স্বাধীনতা যুদ্ধ এরূপ আরও অনেক শ্রেণির মানুষের ভূমিকার সম্মিলিত ফসল- বিশ্লেষণ কর। ? ৪

৬। সোহান পড়ছিল নেলসন ম্যান্ডেলা ছিলেন দক্ষিণ আফ্রিকার বর্ণবাদ বিরোধী আন্দোলনের নেতা। তিনি শাসক শ্রেণির অন্যায়ের প্রতিবাদ করার কারণে দীর্ঘ দিন জেল খেটেছেন। তাঁর দক্ষ নেতৃত্ব এবং বলিষ্ঠ ভূমিকার কারণে এক সময় শাসক শ্রেণি নতি স্বীকার করে। প্রতিষ্ঠিত হয় আফ্রিকায় প্রথম কৃষ্ণাঙ্গ সরকার। সোহানের দাদা বলেন, আমাদের দেশেও এক মহান নেতার আবির্ভাব হয়েছিল।
ক) বাংলাদেশের জাতীয় পতাকার লাল রং দ্বারা কি বুঝানো হয়েছে ? ১
খ) ২৫ শে মার্চকে 'কালরাত্রি' বলা হয় কেন? ২
গ) উদ্দীপকের নেলসন ম্যান্ডেলার সঙ্গে বাংলাদেশের কোন রাজনৈতিক নেতার মিল রয়েছে। বর্ণনা কর। ৩
ঘ) 'উক্ত রাজনৈতিক নেতার মূল লক্ষ্যই ছিল বাঙালির মুক্তি'- উক্তিটির পক্ষে তোমার মতামত দাও। ৪

৭। চিত্র দু'টি লক্ষ কর এবং প্রশ্নের উত্তর দাও:

চিত্র-১

চিত্র-২

ক) আমাদের জাতীয় সংগীতের রচয়িতা কে ? ১
খ) স্বাধীনতা যুদ্ধে জাতিসংঘের ভূমিকা লেখ। ২
গ) ১নং চিত্রটি 'বাংলাদেশের ছাত্র সমাজের প্রেরণার উৎস' উক্তিটি ব্যাখ্যা কর । ৩
ঘ) ২ নং চিত্রটি 'বাঙালির অহংকার, গৌরব আর মর্যাদার প্রতীক' উক্তিটি বিশ্লেষণ কর । ৪

৮। সবুজ টিভিতে দেখল সিরিয়ায় বিভিন্ন পক্ষ যুদ্ধ করছে । বিমান হামলায় বহু লোক নিহত হচ্ছে ,লোকজন পালিয়ে নিরাপদে ছুটছে। পরে দেখল যে চারিদিকে শুধু ধবংস আর ধবংস । রাস্তাঘাট, দালান-কোটা, মসজিদ, মন্দির, স্কুল সব কিছুই ধবংস । মন খারাপ হলে তার দাদা বলল যে, এদেশেও এক সময় এর থেকে ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছিল । পরর্তীতে এক মহান নেতা এসে ক্ষমতা গ্রহণ করে এবং তাঁর নেতৃত্বে কৃষি, শিক্ষা, যোগাযোগ ব্যবস্থা পুনর্গঠন করে দেশকে নতুন রূপদান করেছেন।

ক) বাংলাদেশে প্রথম সামরিক আইন জারি করেন কে? ১
খ) বঙ্গবন্ধু সংসদীয় পদ্ধতির সরকার ব্যবস্থা প্রবর্তন করেন কেন ? ২
গ) সবুজের দেখা যুদ্ধের সাথে আমাদের কোন যুদ্ধের মিল রয়েছে? এ যুদ্ধে দখলদার বাহিনীর ধ্বংসাত্মক কার্যাবলি বর্ণনা কর । ৩
ঘ) উদ্দীপকে উক্ত মহান নেতা কীভাবে দেশ গঠনে অবদান রেখেছিলেন? বিশ্লেষণ কর। ৪

৯। সামরিক শাসক বেন আলী তার ৩২ বছরের শাসনামলে নিজ আত্মীয়-স্বজন ও দলীয় লোকদের সরকারি চাকুরি প্রদান, বিরোধীদের নির্মম নির্যাতন, আন্দোলনকারিদের জেল-জরিমানার মাধ্যমে কণ্ঠরোধ করেন। তিনি নির্বাচনকে একটি প্রহসনে পরিণত করেন। বলা যায় এক ধরনের নিয়ন্ত্রিত গণতন্ত্র প্রতিষ্ঠা করেন। দুনীর্তি ও বৈষম্য বিলোপ এবং চাকুরী বঞ্চিত পুলিশের নির্যাতনের শিকার মোহাম্মদ বোজাজির আত্মহত্যার মাধ্যমে আন্দোলন সূচনা করে এবং দ্রুতই তা সমগ্র দেশে ছড়িয়ে পড়ে। ফলে সামরিক শাসনের অবসান ঘটে। বেন আলী পতনের পর তিউনিশিয়ার বিভিন্ন রাজনৈতিক দলের অংশগ্রহণে নির্বাচন অনুষ্ঠিত হয় এবং গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হয়। ফলে নাগরিক অধিকার প্রতিষ্ঠার পাশাপাশি ব্যপক মাত্রায় উন্নয়ন সাধিত হয়।

ক) সার্ক এর পূর্ণরূপ কী? ১
খ) গণভোটের ধরণটি ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকের শাসকের সঙ্গে নব্বইয়ের দশকের বাংলাদেশের কোন শাসকের মিল খুঁজে পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩
ঘ) মোহাম্মদ বোজাজির মত তরুণরাই বাংলাদেশে গণতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠার অগ্রনায়ক - উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

১০। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা মিলে একটি ছাত্র পরিষদ গড়ে তোলে। বিশ্ববিদ্যালয়ের কুখ্যাত অর্ডিন্যান্স বাতিল, শিক্ষার সুযোগসুবিধা বৃদ্ধি, বাক স্বাধীনতা এমন কতকগুলো নীতিকে সামনে রেখে তারা শান্তিপূর্ণ ভাবে আন্দোলন করে। এক পর্যায়ে ছাত্র অসন্তোষকে কেন্দ্র করে এই আন্দোলন শুরু হলেও কৃষক, শ্রমিক ও জনসাধাণের মধ্যে ছড়িয়ে পড়ে।

ক) 'বাষট্টির শিক্ষা আন্দোলন' কি? ১
খ) মৌলিক গণতন্ত্রের কাঠামো কী রূপ ছিল? ২
গ) উদ্দীপকের আন্দোলনের সাথে কোন আন্দোলনের সাদৃশ্য আছে? তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ) উক্ত আন্দোলন কীভাবে গণআন্দোলনে রূপ নিয়েছিল? বিশ্লেষণ কর। ৪

১১। চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নের উত্তর দাও।

ক) মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন? ১
খ) ১৯৭০ সালের নির্বাচনের গুরুত্ব লেখ। ২
গ) চিত্রে কোন ভাষণের কথা আমাদের মনে করে দেয়? পাঠ্যবইয়ের আলোকে বর্ণনা কর। ৩
ঘ) উক্ত ভাষণ 'বাঙালিকে স্বাধীনতা সংগ্রামে অনুপ্রাণিত করিয়ে দেয়'- বিশ্লেষণ কর। ৪